

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩০৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩০৭]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَابُ السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৬২: আর এক প্রকার দু'আ

نَوْعٌ آخَرُ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعْدٍ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ، قَالَ: حَدَّثَنَا عَمِّي، قَالَ: حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ أَبِي هَاشِمٍ الْوَاسِطِيِّ، عَنْ أَبِي مَجَلَزٍ، عَنْ قَيْسِ بْنِ عُبَادٍ، قَالَ: صَلَّى عَمَّارُ بْنُ يَاسِرٍ بِالْقَوْمِ صَلَاةً أَحَقَّهَا فَكَأَنَّهُمْ أَنْكَرُوهَا، فَقَالَ: أَلَمْ أَتِمَّ الرُّكُوعَ وَالسُّجُودَ؟، قَالُوا: بَلَى، قَالَ: أَمَا إِنِّي دَعَوْتُ فِيهَا بِدُعَاءٍ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْعُو بِهِ: اللَّهُمَّ بَعْلَمِكَ الْغَيْبَ وَقُدْرَتِكَ عَلَى الْخَلْقِ أَحْيَيْنِي مَا عَلِمْتَ الْحَيَاةَ خَيْرًا لِي، وَتَوَفَّنِي إِذَا عَلِمْتَ الْوَفَاةَ خَيْرًا لِي، وَأَسْأَلُكَ خَشْيَتِكَ فِي الْغَيْبِ وَالشَّهَادَةِ، وَكَلِمَةَ الْإِخْلَاصِ فِي الرِّضَا وَالْغَضَبِ، وَأَسْأَلُكَ نَعِيمًا لَا يَنْفَدُ، وَقُرَّةَ عَيْنٍ لَا تَنْقَطِعُ، وَأَسْأَلُكَ الرِّضَاءَ بِالْقَضَاءِ وَبِرَدِّ الْعَيْشِ بَعْدَ الْمَوْتِ وَلَذَّةَ النَّظَرِ إِلَى وَجْهِكَ وَالشَّوْقَ إِلَى لِقَائِكَ، وَأَعُوذُ بِكَ مِنْ ضَرَاءٍ مُضِرَّةٍ وَفِتْنَةٍ مُضِلَّةٍ، اللَّهُمَّ زَيِّنَا بِزِينَةِ الْإِيمَانِ وَاجْعَلْنَا هُدَاةً مُهْتَدِينَ .

তখরিজ দারالدعوه: تفرد به النسائي، تحفة الأشراف: (١٠٣٦٦)، مسند احمد ٢/٢٦٢ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1307 - صحيح

বাংলা

১৩০৬. 'উবায়দুল্লাহ ইবনু সা'দ ইবনু ইবরাহীম ইবনু সা'দ (রহ.) কয়স ইবনু 'উবাদ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, একবার 'আম্মার ইবনু ইয়াসির (রাঃ) একদল লোক নিয়ে সালাত আদায় করলেন, যা তিনি সংক্ষেপ করে ফেললেন আর মুসল্লীরা যেন ঐ সংক্ষিপ্তকরণকে খারাপ মনে করলেন। তখন তিনি বললেন, আমি কি রুকু' এবং

সিজদা পরিপূর্ণরূপে আদায় করিনি? তারা বললেন, অবশ্যই! তখন তিনি বললেন, আমি তাতে এমন দু'আও পড়েছি যা নবী (সা.) পড়তেন। সে দু'আটি হলো -

“আল্ল-হুম্মা বি’ ইলমিকাল গয়বা ওয়া কুদরতিকা ‘আলাল খলকি আহয়িনী মা- ‘আলিমতাল হায়া-তা খয়রল্লী ওয়াতাওয়াফফানী ইয়া- ‘আলিমতাল ওয়াফা-তা খয়রল্লী ওয়া আসআলুকা খশইয়াতাকা ফিল গয়বি ওয়াশ শাহা- দাতি ওয়া কালিমাতিল ইখলা-সি ফির রিয়া- ওয়াল গয়াবি ওয়া আসআলুকা নাঈমাল লা-ইয়ানফাদু ওয়া কুররতা ‘আয়নিল লা- তানকত্বি’উ ওয়া আসআলুকার রিয়া-আ বিল কয়া-য়ি ওয়া বারদাল ‘আয়শি বা’দাল মাওতি ওয়া লায়াতান নাযারি ইলা- ওয়াজহিকা ওয়াশ শাওকা ইলা- লিকা-য়িকা ওয়া আ’উযুবিকা মিন্ যররা-আ মুযিররাতিন ওয়া ফিতনাতিম মুযিল্লাতিন আল্ল-হুম্মা যাইয়িন্না- বিযীনাতিল ঈমা-নি ওয়াজ আলনা- হুদা-তাম্ মুহতাদীন।”

(হে আল্লাহ! তোমার নিকটেই আছে গায়েবের জ্ঞান, সকল সৃষ্টির ওপর তোমার ক্ষমতা আছে, তুমি যদি মনে কর বেঁচে থাকা আমার জন্য কল্যাণকর তবে আমাকে বাঁচিয়ে রাখ। আর তুমি যদি মনে কর মৃত্যু আমার জন্য কল্যাণকর তবে আমার মৃত্যু ঘটান। আমি প্রকাশ্যে ও গোপনে তোমাকে ভয় করার তাওফীক প্রার্থনা করছি, খুশি ও রাগের সময় ইখলাসের [একনিষ্ঠতার] বাক্য বলার তাওফীক প্রার্থনা করছি, আমি তোমার কাছে এমন নি‘আমাত [অনুগ্রহ] চাই যা শেষ হবে না। আমি তোমার কাছে চাই এমন চক্ষু শীতলকারী (নি‘আমাত) যা বিচ্ছিন্ন হয়ে যাবে না। মৃত্যুর পর আমি তোমার সন্তুষ্টি চাই। আমি তোমার নিকটে মৃত্যুর পরে আরাম-আয়েশের শীতলতা চাই। আমি তোমার চেহারার দিকে দৃষ্টি প্রশান্তি স্বরূপ চেয়ে থাকতে চাই। আমি তোমার সাথে সাক্ষাৎ লাভের বাসনা কামনা করি। আমি সকল ক্ষতিকর ও ভ্রান্তিকর ফিনাহ থেকে তোমার কাছে আশ্রয় চাই। হে আল্লাহ! তুমি আমাদেরকে ঈমানের সাজে সজ্জিত করো। আর আমাদেরকে হিদায়াতপ্রাপ্তদের পথের পথিক কর।)।

English

62. Another Kind

It was narrated that Qais bin 'Ubad said: Ammar bin Yasir led the people in prayer and he made the prayer short. It was as if they disliked that, so he said: 'Did I not do bowing and prostration properly?' They said: 'Yes.' He said: 'And I said a supplication that the Prophet (ﷺ) used to say:

Allahumma bi 'ilmikal-ghaiba wa qudratika 'alal-khalqi ahini ma 'alimtal-hayata khairan li, wa tawaffani idha 'alimtal-wafata khairan li. Allahumma as'aluka khashyataka fil-ghaibi wash-shahadati wa as'aluka kalimatul-aqua fir-rida'i wal ghadab, wa as'aluka qasda fil faqr wal-ghina, wa as'aluka na'iman la yanfadu wa as'aluka qurrata ainan la tanqati'u wa as'aluka rida'i ba'dal-qada'i wa as'aluka bardal 'aishi ba'dal-mawti, wa as'aluka ladhatan-nazari ila wajhika wash-shawqa ila liqa'ika fi fitnatin mudillatin, Allahumma zayyina dizinatil-imani waj'alna hudatan muhtadin

(O Allah, by Your knowledge of the unseen and Your power over creation, keep me alive so long as You know that living is good for me and cause me to die when You know that death is better for me. O Allah, cause me to fear You in secret and in public. I ask You to make me true in speech in times of pleasure and of anger. I ask You to make me moderate in times of wealth and poverty. And I ask You for everlasting delight and joy that will never cease. I ask You to make me pleased with that which You have decreed and for an easy life after death. I ask You for the sweetness of looking upon Your face and a longing to meet You in a manner that does not entail a calamity that will bring about harm or a trial that will cause deviation. O Allah, beautify us with the adornment of faith and make us among those who guide and are rightly guided.

ফুটনোট

সহীহ: নাসায়ী'র “সুনানুল কুবরা” ১২২৯, মুসনাদে আহমাদ ১৮৩৫১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ কায়স ইবনু 'উবাদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87700>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন